মেহেরপুরে সামাজিক দূরত্ব বজায় রেখে কেনাকাটায় সতর্কতা কর্মসূচী

মেহেরপুরের মানব উন্নয়ন কেন্দ্র মউক এর উদ্যোগে সামাজিক দূরত্ব বজায় রেখে কেনাকাটা করতে সতর্কতা মূলক র্যালি করা হয়েছে।

রবিবার সকাল ১০ টার দিকে শামসু্জোহা পার্ক থেকে র্যালিটি শুরু করে বড় বাজার ঘুেরে একই স্থানে গিয়ে শেষ হয়।

এসময় উপস্থিত ছিলেন মানব উন্নয়ন কেন্দ্র মউক এর নির্বাহী প্রধান আশাদুজ্জামান সেলিম, বড় বাজার ব্যবসায়ী সমিতির সাধারণ সম্পাদক আমিনুল ইসলাম, যুবলীগ নেতা হিরন ও মউক এর সদস্যরা। এসময় যাদের মাস্ক ছিলনা তাদের মাঝে বিতরণ করা হয়।

আশাদুজ্জামান সেলিম বলেন, পবিত্র মাহে রমজান ও ঈদ উল ফিতর কে সামনে রেখে মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনায় আজ থেকে স্বল্প পরিসরে শপিং মল, দোকান পাট খোলা হয়েছে। এর পরিপেক্ষিতে সকাল হতে না হতে মানুষের সমাগম দেখা যায় তাদের মধ্যে নেই সামাজিক কোনো দূরত্ব। তাই আমরা সর্তকতা মূলক কর্মসূচী পালন করছি।

ব্যবসায়ী নেতা আমিনুল ইসলাম খোকন বলেন, আমরা যে সব দোকানে দেখছি মানুষ সমাগম তাদের কে সর্তক করার চেষ্টা করছি। তারা যেনো সামাজিক দূরত্ব বজায় রেখে বেচা কেনা করে। তিনি আরও বলেন, সব নিয়ম মেনেই যেনো ঈদের কেনাকাটা করতে পারে ক্রেতারা সে জন্য এ ধরণের কর্মসূচী চলবে।

মেহেরপুর জেলা বিএনপির খাদ্য

সামগ্রী বিতরণ

কেন্দ্রীয় নির্দেশনায় বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমানের আহ্বানে করোনা ভাইরাসে কর্মহীন অসহায় মানুষের মাঝে জেলা বিএনপি খাদ্য সামগ্রী বিতরণ করেছে।

গতকাল শনিবার মেহেরপুর সদর উপজেলার বারাদী, কলাইডাঙ্গা, মোমিনপুর, বর্শিবাড়িয়া, পাঠকেলপোতা ও হাসনাবাদ গ্রামে খাদ্য সামগ্রী বিতরণ করেন মেহেরপুর জেলা বিএনপির সভাপতি ও সাবেক সংসদ সদস্য মাসুদ অরুন।

সার্বিক সহযোগিতায় ছিলেন মেহেরপুর জেলা বিএনপির সিনিয়র সহ-সভাপতি জাভেদ মাসুদ মিল্টন।

এছাড়াও উপস্থিত ছিলেন জেলা বিএনপি ও অঙ্গ সংগঠনের নেতৃবৃন্দ।

কোটচাঁদপুরে নারায়নগঞ্জ ফেরত ২ জন করোনা রোগী শনাক্ত

ঝিনাইদহের কোটচাঁদপুরে নতুন করে আরও ২ জন করোনা রোগী শনাক্ত হয়েছেন। আ শনিবার সকালে ঝিনাইদহ সিভিল সার্জন ডাঃ সেলিনা বেগমের বরাদ দিয়ে বিষয়টি নিশ্চিত করেছেন, উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডাঃ আব্দুর রশিদ।

তিনি জানান, উপজেলার জগদেশপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রাতিষ্ঠানিক কোয়ারেন্টাইনে থাকা সম্প্রতি নারায়নগঞ্জ থেকে আসা মোট ৭ জনের নমুনা সংগ্রহ করে যশোর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের জিনোম সেন্টারে পাঠানো হয়েছিল।

এর মধ্যে আজ শনিবার সকালে উপজেলার এলাঙ্গী ইউনিয়নের জগদেশপুর গ্রামের ৫০ ও ১৮ বছর বয়স্ক দুইজন পুরুষের শরীরে করোনা পজেটিভের রিপোর্ট পায়।

ডাঃ রশিদ জানান, বর্তমানে আক্রান্ত রোগীরা জগদেশপুর গ্রামে প্রাতিষ্ঠানিক আইসোলেশনে চিকিৎসাধীন আছেন। সেই সাথে নেগেটিভ রিপোর্ট আসা ব্যক্তিদেরকে আক্রান্তদের থেকে সরিয়ে হোম কোয়ারেন্টাইনে রাখা হচ্ছে। এপর্যন্ত উপজেলায় স্বাস্থ্য কমপ্লেক্সের ২ জন চিকিৎসক ও ১ নার্স সহ ৮ জন করোনায় আক্রান্ত হলেন।

চুয়াডাঙ্গায় ৫০০ কর্মহীনকে খাদ্য সহায়তা দিলো বুরো বাংলাদেশ

চুয়াডাঙ্গা সদর উপজেলায় করোনার কারণে কর্মহীন হয়ে পড়া নিম্ন আয়ের মানুষের মাঝে খাদ্য সামগ্রী বিতরণ করেছে বেসরকারি উন্নয়ন সংস্থা বুরো বাংলাদেশ। সদর উপজেলার ৫০০ কর্মহীন পরিবারের মাঝে এ খাদ্য সামগ্রী বিতরণ করা হয়।

আজ শনিবার সকালে চুয়াডাঙ্গা কালেক্টরেট স্কুল অ্যান্ড কলেজ ও পুরাতন স্টেডিয়ামে খাদ্য সামগ্রী বিতরণ করা হয়। চুয়াডাঙ্গা সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা মো. সাদিকুর রহমান এ কর্মসূচীর উদ্বোধন করেন।

এসময় আরো উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা কালেক্টরেট স্কুল অ্যান্ড কলেজের অধ্যক্ষ মো. মাসুদ উজ্জামান এবং বুরো বাংলাদেশের পক্ষে কুষ্টিয়া অঞ্চলের আঞ্চলিক ব্যবস্থাপক আবুল হোসেন মিঞা, দৌলতপুর এলাকার এলাকা ব্যবস্থাপক সুলতান আহম্মদ, কুমারখালী এলাকার এলাকা ব্যবস্থাপক মো. আক্তারুজ্জামান, চুয়াডাঙ্গা শাখার শাখা ব্যবস্থাপক সনাতন কুন্ডু,

আলমডাঙ্গা শাখার শাখা ব্যবস্থাপক সমীর কুমার ঘোষ, মিহির কুমার সরকার, মো. শাহজাহার আলী, গোকুল কুমার সরকার, শাখা হিসাবরক্ষক মো. ইসমাইল হোসেন, মো. নূর হোসেন, উর্ধ্বতন কর্মসূচী সংগঠক রনজিত চক্রবর্তী, ছবির উদ্দিন, মো. বিল্লাল হোসেন প্রমুখ।

চাল, ডাল, তেল, আলু, লবণ, সাবান, মাস্কসহ নিত্যপ্রয়োজনীয় খাদ্য সামগ্রী পেয়ে হতদরিদ্র মানুষেরা খুশি হয়েছেন বলে জানান সহায়তাপ্রাপ্তরা।

মুজিবনগরে করোনা আক্রান্তের বাড়ি লকডাউন

মেহেরপুর জেলার মুজিবনগর উপজেলার বল্লভপুরে হুময়ান খান নামের আরো ১জন করেনা রোগী সনাক্ত হয়েছে।
শুক্রবার দুপুরে মুজিবনগর উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা ড.রেজওয়ান আহম্মেদ বিষয়টি নিশ্চিত করেন।
আর করোনা সনাক্তের রির্পোট হাতে পাওয়ার পর পরই তার বাড়ি লকডাউন করা হয়েছে।

করেনা আক্রান্ত ব্যক্তি হলেন মুজিবনগর উপজেলার বল্লভপুর গ্রামের ইসমাইল খানের ছেলে হুমায়ন খান।
তিনি একজন শিক্ষক ও তার বয়স ৩৫ বছরের মধ্যে বলে জানা গেছে।

উপজেলা স্বাস্থ্য বিভাগ সূত্রে জানা গেছে, আক্রান্ত রুগীর আজ থেকে ৫/৬ দিন সর্দি,কাশি ছিলো। তাই হুমায়ন ও তার ভায়ের একসাথে দুজনের নমুনা সংগ্রহ করে কয়েকদিন আগে
কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালে পাঠানো হয়।সেখান থেকে আজ শুক্রবার হুমায়নের ভায়ের করোনা নেগেটিভ আসলেও হুমায়নের করোনা পজেটিভ আসে।

তিনি আরও জানান,করোনা পজিটিভ রিপোর্ট আসার পর পর তার বাড়ি লকডাউন করা হয়েছে। হুমায়নের সমস্যার কারনে তার বাড়ির লোকজন গত ৪/৫ দিন থেকে বাড়ির বাহির হত না। তাই পাশের কোন বাড়ি লকডাউন করা হয়নি।আপাতত তার বাড়ি থেকে সকল প্রকার চিকিৎসা চালানো হবে। মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার উসমান গনি আক্রান্ত রুগীর বাড়ি লকডাউন ঘোষনা করেন।

উল্লেখ্য : এ নিয়ে মুজিবনগর উপজেলায় মোট ৩ জন ব্যাক্তি করোনায়

আক্রান্ত হয়েছে। তার ভিতরে একজন ব্যাক্তি পুরোপুরি সুস্থ হয়েছে ও ভবেরপাড়া গ্রামের ইদ্রীস আলী শাহ নামের একজন ব্যাক্তি মৃত্য বরণ করেছেন।

গাংনীর রংমহলে লকডাউন করা ৭ পরিবারকে খাদ্য সামগ্রী প্রদান

মেহেরপুরের গাংনী উপজেলার কাথুলী ইউনিয়নের রংমহল গ্রামে করোনা আক্রান্ত ব্যক্তির বাড়িসহ লকডাউন করা ৭ বাড়িতে খাদ্য সামগ্রী পৌছে দিয়েছেন ইউনিয়ন চেয়ারম্যান মিজানুর রহমান রানা।

শুক্রবার সকালে তিনি ওই সাত পরিবারের মাঝে ১০ দিনের খাদ্য সামগ্রী পৌছে দেন। খাদ্য সমগ্রীর মধ্যে চাল,ডাল,আটা,তেল,লবণ,চিনি ও মুড়ি রয়েছে।

জানা গেছে, কাথুলি ইউনিয়নের রংমহল গ্রামে পলাশ নামের এক ব্যক্তি ওমান থেকে ফেরত আসার পর তার করোনা ভাইরাস পজেটিভ আসে। গত বৃহস্পতিবার তার বাড়িসহ আশেপাশের ৭ টি বাড়ি লকডাউন ঘোষনা করেন উপজেলা নির্বাহী অফিসার মোছাঃ দিলারা রহমান ও গাংনী থানা অফিসার্স ইনচার্জ ওবাইদুর রহমান।

তার পরিপ্রেক্ষিতে সাত লকডাউন পরিবারের খাবারের ব্যবস্থা করেন কাথুলী ইউনিয়নের চেয়ারম্যান মোঃ মিজানুর রহমান রানা।

মুজিবনগর বল্লভপুরে আরও এক

করোনা রোগী সনাক্ত

মেহেরপুর জেলার মুজিবনগর উপজেলার বল্লভপুরে আরো ১জন করেনা রোগী সনাক্ত হয়েছে। শুক্রবার দুপুরে মুজিবনগর উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা ড.রেজওয়ান আহম্মেদ বিষয়টি নিশ্চিত করেন। আর করোনা সনাক্তের রির্পোট হাতে পাওয়ার পর পরই তার বাড়িসহ আসেপাশের কয়েকটি বাড়ি লকডাউন করার জন্য উপজেলা স্বাস্থ বিভাগের একটি টিম সেখানে হাজির হয়েছে।

পুরো তথ্য যাচাই বাছাই করে বাড়ি লকডাউনের প্রস্তুতি চলছে। করেনা আক্রান্ত ব্যক্তি হলেন মেহেরপুরের মুজিবনগর উপজেলার বল্লভপুর গ্রামের। তিনি একজন শিক্ষক ও তার বয়স ৩৫ বছরের মধ্যে বলে জানা গেছে।

উপজেলা স্বাস্থ বিভাগ সূত্রে জানা গেছে, কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতাল থেকে প্রাপ্ত নতুন রিপোর্টে ১ টি পজিটিভ পাওয়া যায়। কয়েকদিন আগে তার নমুনা সংগ্রহ করে কুষ্টিয়া মেডিকেল কলেজ ল্যাবে পাঠানো হলে সেখান থেকে আজ শুক্রবার করেনা রোগে আক্রান্ত বলে নিশ্চিত করা হয়। এদিকে করোনা পজিটিভ রিপোর্ট আসার পর পর তার বাড়ি লকডাউন করার পক্রিয়া চলছে।

উল্লেখ্য : এ নিয়ে মুজিবনগর উপজেলায় মোট ৩ জন ব্যাক্তি করোনায় আক্রান্ত হয়েছে। তার ভিতরে একজন ব্যাক্তি পুরোপুরি সুস্থ হয়েছে ও ভবেরপাড়া গ্রামের ইদ্রীস আলী শাহ নামের একজন ব্যাক্তি মৃত্য বরণ করেছেন।

মেহরপুর জেলা যুবদলের উদ্যোগে খাদ্য সামগ্রী বিতরণ

মেহেরপুরে জেলা যুবদলের উদ্দ্যেগে, করোনাভাইরাসের প্রাদুর্ভাবে আজ বৃহস্পতিবার সকালে, মেহেরপুর সদর উপজেলার ৭টি গ্রামে কর্মহীন দুঃস্থ ও অসহায় ঘরবন্দি, ৭০০ পরিবারের মাঝে খাদ্য সামগ্রী বিতরণ

করেন মেহেরপুর জেলা বিএনপি’র সভাপতি ও মেহেরপুর-১ আসনের সাবেক সংসদ সদস্য জনাব মাসুদ অরুন।

খাদ্য সামগ্রী বিতরণে উপস্থিত ছিলেন- মেহেরপুর জেলা যুবদলের সভাপতি জাহিদুল হক জাহিদ, সাধারণ সম্পাদক কাওসার আলী, সহ-সভাপতি মোশাররফ হোসেন তপু, বাবু সাবের, যুগ্ম-সাধারণ সম্পাদক সাইদুর রহমান সুজন, নওশেল আহমেদ রনি, সহ-সাংগঠনিক সম্পাদক শিমুল বিশ্বাস, সদর উপজেলা যুবদলের আহবায়ক লিয়াকত আলী, মুজিবনগর উপজেলা যুবদলের যুগ্ম-আহবায়ক খোরশেদ আলম দুখু।

এছাড়াও উপস্থিত ছিলেন- মেহেরপুর জেলা বিএনপি’র সহ-সভাপতি ওলি মোহাম্মদ, যুগ্ম-সম্পাদক আরজুল্লাহ মাষ্টার বাবলু, জেলা বিএনপি’র অন্যতম নেতা শাহজাহান শাহান সহ সদর উপজেলা বিএনপি ও অঙ্গ-সংগঠনের নেতৃবৃন্দ।

মেহেরপুরে আরও এক করোনা রোগী সনাক্ত

মেহেরপুর জেলার গাংনী উপজেলায় আরও এক ব্যক্তির করোনা পজিটিভ হয়েছে।

নতুন আক্রান্ত ঐ ব্যাক্তি ওমান প্রবাসী বলে জানা গেছে।

এনিয়ে মেহেরপুরে মোট করোনা রোগীর সংখ্যা দাড়ালো ৫।

এদের মধ্যে ৪ জন চিকিৎসাধীন আছে এবং একজনের মৃত্যু হয়েছে।

জেলা সিভিল সার্জন ডা. নাসিরউদ্দিন বিষয়টি নিশ্চিত করেন।

মেপ্র/এমএফআর

ঝিনাইদহের পুলিশ সুপার ডিএসবি দিয়ে ত্রাণ বঞ্চিত মানুষদের খুজে ত্রাণ দিচ্ছেন

ঝিনাইদহ পুলিশ সুপার হাসানুজ্জামান পিপিএম সোমবার সকালে ত্রাণ বঞ্চিত দুই শতাধিক প্রতিবন্ধী, বিধবা, স্বামী পরিত্যক্তা, গৃহকর্মী, হতদরিদ্র, শ্রমিক ও নিম্নআয়ের মানুষদের খুঁজে বের করে তাদেরকে খাদ্য সহায়তা দিলেন আলহেরা ইসলামী ইনস্টিটিউট প্রাঙ্গণ।

এসময় আরো উপস্থিত ছিলেন অতিরিক্ত পুলিশ সুপার (সদর সার্কেল) আবুল বাশার, সদর থানার ওসি মিজানুর রহমান ও ট্রাফিক ইনেন্সপেক্টার সালাউদ্দীনসহ অন্যান্যরা উপস্থিত ছিলেন।

বিভিন্ন স্থানে এখনো যে সমস্ত হতদরিদ্র, শ্রমিক, শারীরিক ও মানসিক প্রতিবন্ধী, বিধবা, দিনমজুর, স্বামী পরিত্যক্তা, গৃহকর্মী ও নিম্নআয়ের মানুষ যারা ত্রাণসামগ্রী পাননি তাদেরকে গোয়েন্দা পুলিশের মাধ্যমে খোঁজ করে খাদ্যসামগ্রী দিচ্ছেন ঝিনাইদহ পুলিশ সুপার হাসানুজ্জামান পিপিএম।

খাদ্যসামগ্রীর মধ্যে আছে চাল, ডাল, আলু, তেল, লবন।

এছাড়া তার সকল পুলিশ বাহিনীর সুরক্ষার জন্য দিচ্ছেন মাস্ক, সাবান, হ্যান্ডসেনিটাইজার ।

পুলিশ সুপারের এই ব্যতিক্রমধর্মী উদ্যোগকে সাধুবাদ জানিয়েছেন অনেকেই ।